দৈনিক বাংলা ৩৮

তারিখ ২৫/১১/৮১ ……
পৃষ্ঠা…… কলাম……

# চাঁদপুরে পরীক্ষা কেন্দ্র বাতিলের প্রতিবাদে ছাত্রদের ক্লাশ বর্জন

(নিজস্ব সংবাদদাতা প্রেরিত)

চাঁদপুর, ২৩শে নবেম্বর।—চাঁদপুর সরকারী কলেজে ডিগ্রী পাস পরীক্ষা কেন্দ্র বাতিলের প্রতিবাদে চাঁদপুর কলেজের ছাত্ররা ২১শে নবেম্বর থেকে তাঁদের ক্লাস বর্জন করে আসছে।

চাঁদপুর কলেজ ছাত্র সংসদসহ বিভিন্ন ছাত্র সংগঠনের আহ্বানে ছাত্ররা ক্লাস বর্জন করে কলেজ প্রাঙ্গণে এক সভায় মিলিত হয়ে আগামী পরীক্ষাসমূহ চাঁদপুর কলেজ কেন্দ্রেই অনুষ্ঠানের দাবী জানিয়েছে। ছাত্র সংসদের সহ-সভাপতি কাজী গোলাম মোস্তফার সভাপতিত্বে অনুষ্ঠিত সভায় অন্যান্যের মধ্যে ছাত্র সংসদের সাধারণ সম্পাদক মোঃ শাহনওয়াজ খান, চাঁদপুর জেলা জাতীয়তাবাদী ছাত্র দলের সহ-সভাপতি সিদ্দিকুর রহমান বাবুল, ছাত্র লীগ উভয় গ্রুপের প্রতিনিধি আবদুর রহিম ও মাসুদুর রহমান নান্টু বক্তৃতা করেন।

ডিগ্রী পরীক্ষা চলাকালীন সময় চাঁদপুর কলেজ কেন্দ্রে যে অপ্রীতিকর ঘটনা ঘটেছে এর জন্য সভায় দুঃখ প্রকাশ ও দোষী ব্যক্তির বিরুদ্ধে দৃষ্টান্তমূলক শাস্তি দাবী করে সাধারণ ছাত্রদের পক্ষ থেকে উক্ত ঘটনার জন্য বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষের নিকট ক্ষমা প্রার্থনা করা হয়েছে।